# ভারতীয় পর্যটন ভিসা চালুর চেষ্টা চলছে: হাইকমিশনার প্রণয় ভার্মা




হাইকমিশনার প্রণয় ভার্মা। ছবি: সংগৃহীত

ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা জানিয়েছেন, বাংলাদেশি নাগরিকদের জন্য স্থগিত থাকা ভারতীয় পর্যটন ভিসা চালুর প্রচেষ্টা অব্যাহত আছে।

সোমবার (১৬ মার্চ) প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীরের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান।

ভার্মা বলেন, “ভিসা চালু হওয়ার সময় জানানো হবে। আমরা নিয়মিত উদ্যোগ চালিয়ে যাচ্ছি।”

বৈঠকে দুদেশের বিদ্যুৎ ও জ্বালানি সংযোগকে আরও শক্তিশালী করার উপায় নিয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি চলমান প্রকল্প এবং ভবিষ্যতে সম্ভাব্য সহযোগিতা, অর্থনৈতিক ও জ্বালানি খাতে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার বিষয়েও আলোচনা হয়েছে।

LENS ASIA